# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 JANUARY 2025 7:45—7:55**

---

(১) এ ডি আর ই'তে উত্তীর্ণ ২৯২ জন চা জনগোষ্ঠীর প্রার্থীর মধ্যে আজ নিযুক্তি পত্র বিতরণ/

(২) মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের আওতায় আগামীকাল কাছাড় ও শ্রীভূমি জেলায় ডঃ হিমন্তবিশ্ব শর্মার চেক বিতরণ কার্যসূচী/

(৩) অন্ধ্র প্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে উৎক্ষেপণ করা উত্তর-পূর্বাঞ্চলের প্রথমটি কৃত্রিম উপগ্রহ 'লাচিত-ওয়ান' সহ ১৫টি উপগ্রহের উৎক্ষেপণের তৃতীয় পর্যায়ে বিচ্যুতি সংঘটিত/

এবং

(৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও যুগপুরুষ স্বামী বিবেকানন্দের ১৬৪ তম জন্মজয়ন্তী উদযাপন/ পৌষ সংক্রান্তি ও ভোগালী বিহু উপলক্ষে প্রস্তুতি তুঙ্গে/

---

আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা- এ ডি আর ই'তে উত্তীর্ণ ২৯২ জন চা জনগোষ্ঠীর প্রার্থীর মধ্যে আজ নিযুক্তি পত্র বিতরণ করা হয়েছে । গৌহাটি মেডিকেল কলেজ হাসপাতালের প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রার্থীদের নিযুক্তিপত্র প্রদান করেন । আজকের অনুষ্ঠানে দেওয়া ভাষণে মুখ্যমন্ত্রী এ ডি আর ই'র মাধ্যমে রাজ্যসরকার নিযুক্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে সমর্থ হয়েছে বলে উল্লেখ করেছেন । এই ব্যবস্থা দেশের অন্যান্য রাজ্যও অনুসরণ করছে বলে তিনি উল্লেখ করেন। বাইট-

---

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ বলেছেন যে- শিক্ষার বৈষম্য হ্রাস করলে প্রান্তিক জনগোষ্ঠীসমূহের সবলীকরণ এবং উন্নয়ন দেশের প্রত্যন্ত অঞ্চলে পৌঁছানো সম্ভব হবে । নতুনদিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের নবম সমাবর্তন অনুষ্ঠানে ভাষন প্রসঙ্গে তিনি বলেন যে- শিক্ষা কেবল চরিত্র গঠনই নয়, তা মানব মনকে শক্তিশালী করে এবং বুদ্ধিমত্তা বিস্তার করে । শ্রী রাধাকৃষ্ণণ ছাত্রছাত্রীদের দেশের আর্থনৈতিক, সামাজিক এবং বৈজ্ঞানিক সম্বৃদ্ধির জন্য কাজ করে যাওয়ার আহ্বান জানিয়েছেন ।

উপ-রাষ্ট্রপতি শিক্ষা এবং উপযুক্ত প্রশিক্ষণ দেশের যুবক-যুবতীদের ২০৪৭ সালের মধ্যে ভারতকে এক উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার লক্ষ্য পূরণ করার ক্ষেত্রে সহায়তা করবে বলে মত প্রকাশ করেছেন । তিনি আধুনিক এবং পরম্পরাগত মূল্যবোধসমূহ সমান্তরালভাবে বৃদ্ধি পায় বলে উল্লেখ করে ভারতের ইতিহাস জ্ঞানের সন্ধানে সর্বদা প্রেরণা যুগিয়ে আসছে বলে মন্তব্য করেন । ভারতীয় ভাষায় নতুন অধ্যয়ন কেন্দ্র স্থাপন করার জন্যে উপ-রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রশংসা করেন ।

---

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা মহিলা উদ্যমিতা অভিযানে অংশগ্রহণ করতে আগামীকাল কাছাড় ও শ্রীভূমি জেলা সফরে আসছেন । শিলচরের তথ্য ও জনসংযোগ আধিকারিক জানিয়েছেন যে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আগামীকাল দুপুর ১২টায় কাটিগড়া বিধানসভা কেন্দ্রের রাজপুর খেলার মাঠে এবং বেলা দুটোয় বড়খলা বিধানসভা কেন্দ্রের শিলকুড়ি মাঠে মহিলাদের মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণ করবেন ।

---

এর আগে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা আগামীকাল সকাল ৯টায় উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্রে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা প্রকল্পের অধীনে জেলা ক্রীড়া সংস্থার মাঠে ১৪ হাজার একশ ৩৫ জন মহিলাকে দশ হাজার টাকা করে প্রদান করবেন ।

---

অন্ধ্র প্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে পি এস এল ভি- সি সিক্সটি টু রকেটের সহায়তায় আজ উৎক্ষেপণ করা উত্তর-পূর্বাঞ্চলের প্রথম কৃত্রিম উপগ্রহ- ‘লাচিত-ওয়ান’ সহ পনেরোটি উপগ্রহের উৎক্ষেপণের তৃতীয় পর্যায়ে বিচ্যুতি ঘটেছে । আসাম ডনবস্কো বিশ্ববিদ্যালয়ের গবেষক ছাত্রের দলের প্রস্তুত করা উত্তর পূর্বাঞ্চলের প্রথম কৃত্রিম উপগ্রহ ‘লাচিত-ওয়ান’ আজ বেলা দশটা ১৭ মিনিটে উৎক্ষেপণ করা হয়েছিল । এরসঙ্গে দেশ-বিদেশের ১৫ টি কৃত্রিম উপগ্রহ ছিল ।

উৎক্ষেপণের তৃতীয় পর্যায়ে নিয়ন্ত্রণ কক্ষের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার ফলে উপগ্রহগুলি কক্ষচ্যুত হয় বলে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা সূত্রে জানানো হয়েছে । ইসরো'র অধ্যক্ষ ডঃ ভি নারায়ণ জানিয়েছেন যে- পি এস এল ভি চারটি পর্যায়ে উৎক্ষেপণ করা হয় । এরমধ্যে দুটি সম্পূর্ণ এবং দুটি তরল পর্যায়ে । তৃতীয় পর্যায়ে শেষের দিকে বিচ্যুতি হয়েছে বলে ডঃ নারায়ণন জানিয়েছেন । এর কারণ সম্পর্কে বিশ্লেষণ করা হচ্ছে বলে তিনি জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

তেজপুরের মিসামারীর সেনাছাউনীর যশোবন্ত স্টেডিয়ামে আগামী সাতই ফেব্রুয়ারি থেকে ২৬ শে ফেব্রুয়ারি পর্যন্ত অগ্নিবীর নিযুক্তি র‍্যালির আয়োজন করা হয়েছে । সেনাবাহিনীর নারেঙ্গী, যোরহাট এবং শিলঙ নিযুক্তি কার্যালয়ের উদ্যোগে এই র‍্যালির আয়োজন করা হয়েছে । এই র‍্যালির মাধ্যমে অগ্নিবীর জেনারেল ডিউটি, টেকনিক্যাল, ক্লার্ক, ট্রেট্স ম্যান শাখার জন্য উপযুক্ত প্রার্থী বাছাই করা হবে । প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে নিযুক্তি প্রক্রিয়া জেলা অনুযায়ী বিভিন্ন পর্যায়ে অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------------

আজ জাতীয় যুব দিবস । স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষ্যে প্রতি বছর এই দিবস পালন করা হয় । যুব প্রজন্মের মধ্যে আত্মবিশ্বাস ,সেবা ও দেশ গঠনের প্রেরণা যোগানোর উদ্দেশ্যে পালন করা যাতীয় যুব দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ শ্রদ্ধা জ্ঞাপন করেছে । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রীমতি মুর্মূ বলেন যে স্বামী বিবেকানন্দের দৃষ্টিভঙ্গী ,মতাদর্শ এবং আধ্যাত্মিক চেতনা মানব জীবনের শক্তি হয়ে চিরকাল অনুপ্রাণিত করবে । তিনি বলেন যে স্বামী বিবেকানন্দ ভারতীয়দের চেতনায় জাতীয়তাবাদী চিন্তাধারা প্রবাহিত করা সহ যুব প্রজন্মকে দেশ গঠনের জন্য উৎসাহিত করে গেছেন । তাঁর শিক্ষাসমূহ সমগ্র মানব জাতিকে উৎসাহ প্রদান করে যাবে বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন ।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ স্বামী বিবেকানন্দের জন্ম জয়ন্তী উপলক্ষ্যে শ্রদ্ধা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে শ্রী রাধাকৃষ্ণণ বলেন যে স্বামী বিবেকানন্দের জীবন ও শিক্ষাসমূহ মানুষকে স্ব-অনুশাসন ও নিঃস্বার্থ সেবাকে ভিত্তি হিসেবে নিয়ে অর্থবহ জীবন যাপন করতে প্রেরণা যোগায় । তাঁর আদর্শের ধারা প্রজন্মের পর প্রজন্ম প্রবাহিত হবে বলে উপ-রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দিবস উপলক্ষ্যে শ্রদ্ধা নিবেদন করে এক বার্তায় বলেন যে দেশের যুবা শক্তির জন্য স্বামী বিবেকানন্দ

প্রেরণার অন্তহীন স্রোতে । তাঁর ব্যাক্তিত্ব এবং কর্ম একটি বিশিত ভারত গঠনে নতুন শক্তি জাগ্রত করবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন ।

আসামের মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা স্বামী বিবেকানন্দের ১৬৪ তম জন্মজয়ন্তীতে শ্রদ্ধা নিবেদন করেছেন । এই দিবসের সঙ্গে সংগতি রেখে নতুন দিল্লীতে আয়োজিত বিকশিত ভারত যুব নেতা সম্মেলন -২০২৬ য়ে আসাম থেকে অংশগ্রহণ করা আরিয়ান কাশ্যপ ও দীক্ষিতা চক্রবর্তীকে মূখ্যমন্ত্রী অভিনন্দন জ্ঞাপন করেছেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে স্বামী বিবেকানন্দের ১৬৪ তম জন্ম জয়ন্তী পালন করা হয়েছে ।
শিলচরের স্বেচ্ছসেবী সংগঠন বিবেক বাহিনী এ উপলক্ষ্যে মাসব্যাপী নানা কার্যসূচীর আয়োজন করেছে । গত চৌঠা জানুয়ারী কেন্দ্রীয় ক্রীড়া প্রতিযোগীতার মাধ্যমে এই কার্যসূচীর সূচনা হয় । এর অঙ্গই হিসেবে আজ বিবেক বাহিনীর উদ্যোগে এবং শিলচর রামকৃষ্ণ মিশন ও সারদা সংঘের সহযোগীতায় এক শোভাযাত্রার আয়োজন করা হয় । আজ সকাল সাড়ে ৭ টায় নরসিংটোলা ময়দান থেকে শোভাযাত্রার সূচনা হয় । এরপর সদরঘাটে অবস্থিত স্বামী বিবেকানন্দের প্রতিমূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণের পর শোভাযাত্রাটি শহরের বিভিন্ন এলাকা পরিক্রমা করে রামকৃষ্ণ মিশনে এসে শেষ হয় ।
এদিকে আজ দুপুর দুটো থেকে রংপুরের বৈদ্যনাথ যোগবিজ্ঞান মহাবিদ্যালয়ে বিবেক বাহিনীর উদ্যোগে বৌদ্ধিক প্রতিযোগীতার আয়োজন করা হয় । এর মধ্যে ছিলো আবৃত্তি ,বানীপাঠ ,লঘু ব্যায়াম ,যোগব্যায়াম ইত্যাদি । সন্ধ্যা পাঁচটায় সদরঘাটে স্বামী বিবেকানন্দের বেদীমূলে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে আজকের সারাদিনব্যাপী কর্মসূচীর সমাপ্তি হয় ।
উল্লেখ্য আগামী ২৮ শে জানুয়ারী পর্যন্ত বিবেক বাহিনীর বিভিন্ন শাখায় প্রতিদিন প্রভাতী স্বামিজী প্রণাম অনুষ্ঠিত হবে ।
গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের এন এস এস সেলের উদ্যোগেও আজ নানা কার্যসূচীর মাধ্যমে জাতীয় যুব দিবস পালন করা হয় ।

শ্রীভূমি জেলায় বিভিন্ন ক্লাব ,সংগঠন ,শিক্ষা প্রতিষ্ঠান আজ যুব দিবস উদযাপন করেছে । শহরের স্বরস্বতী বিদ্যানিকেতনের পক্ষ থেকে স্বদেশী সংকল্প দৌড় অনুষ্ঠিত

হয়েছে । এদিকে শ্রীভূমি জেলা বিজেপির শহর মন্ডল কমিটির পক্ষ থেকে শহরে বিবেনকান্দের মূর্তিতে পুষ্পাঞ্জলী অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়েছে ।

হাইলাকান্দি রামকৃষ্ণ সেবা সমিতির উদ্যোগে হাইলাকান্দি মহিলা কলেজে এক আলচনা সভা অনুষ্ঠিত হয় । এতে স্বামী বিবেকানন্দের জীবন ও বিশেষ করে নারী শিক্ষায় তাঁর অবদান নিয়ে আলোচনা করা হয় । এছাড়া রামকৃষ্ণ সেবা সমিতির উদ্যোগে একটি যোগা প্রতিযোগীতারও আয়োজন করা হয় । এদিকে হাইলাকান্দি জেলা বিজেপির পক্ষ থেকেও স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তীতে পৃথক কার্যসূচীর আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------

বাংলা ক্যালেন্ডারের পৌষ মাস শেষ হয়ে আসার সঙ্গে সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায় মকর সংক্রান্তি বা পৌষ সংক্রান্তি নিয়ে জনসাধারণের মধ্যে উৎসাহ পরিলক্ষিত হচ্ছে । এই উপত্যকা সহ আসামের বিভিন্ন স্থানে আগামীকাল থেকে উৎসব উদযাপন শুরু হয়ে যাবে । আগামীকাল মাঘ বিহুর উরুকা । মাঘ বিহু বা ভোগালী বিহু উপলক্ষে বাজারে খাদ্যসামগ্রীর পসরা চোখে পড়ার মতো রয়েছে । অসমীয়ারা এই দিনে ভেলাঘর বানিয়ে বনভোজনের আয়োজন করে থাকেন । বরাক উপত্যকায়ও আগামীকাল মেরামেরির ঘর বানিয়ে বনভোজনের আয়োজন করা হবে । এরজন্যে উপত্যকার স্থানে স্থানে প্রস্তুতি শুরু হয়ে গেছে । উপত্যকার তিন জেলার গ্রাম-শহর সর্বত্র মেরামেরি এবং পৌষ সংক্রান্তি উপলক্ষে বাজারে নতুন ফসল, চাল, মাছ সব্জি সবকিছুর জমজমাট বাজারের পসরা সাজিয়ে বসতে দেখা গেছে । এবং ক্রেতাদেরও ভীড় পরিলক্ষিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------